

ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউস-এর ডাইরেক্টরি ইনফর্মেশন নোটিস 2019-20 এবং অপ্ট আউট (নাম প্রত্যাহার) ফর্ম

ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট (পারিবারিক শিক্ষা ও গোপনীয়তা আইন, FERPA), যা একটি ফেডারেল আইন, সেটা অনুযায়ী নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন (NYC DOE) সম্মতি ছাড়া শিক্ষার্থীকে শনাক্ত করতে পারে, এমন কোনো তথ্য কাউকে দিতে পারে না। তবে নির্দিষ্ট কিছু তথ্য আছে যাকে “ডাইরেক্টরি ইনফর্মেশন” (নির্দেশিকা তথ্য) বলে এবং সেগুলো কোনো ক্ষেত্রে হয়ত শেয়ার করা হতে পারে। NYC DOE “ডাইরেক্টরি ইনফর্মেশন” ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের সাথে শেয়ার করে। প্রকাশিতব্য ডাইরেক্টরি ইনফর্মেশনের মধ্যে আছে 2002-2019 সালে DOE হাই স্কুলসমূহে অংশগ্রহণকারী সকল শিক্ষার্থীর পাশাপাশি 2019-20 সালে নবম (9) গ্রেড শুরু করেছে যেসব শিক্ষার্থী, তাদের নাম ও জন্মতারিখ।

শিক্ষার্থীরা কোথায় কলেজে ভর্তি হয় এবং তারা কোন্ ধরনের ডিগ্রি অর্জন করে, সে বিষয়ে 3,600 কলেজ ও বিশ্ববিদ্যালয়ের উপাত্ত বা ড্যাটা, ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের কাছে রয়েছে। ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউস NYC DOE-এর সাবেক শিক্ষার্থীদের শনাক্ত করার এবং এসব শিক্ষার্থী কোথায় কলেজে ভর্তি হয়েছে, কখন ভর্তি হয়েছে, কবে তাদের গ্রাজুয়েশন হবে, এবং কোন্ ধরনের ডিগ্রি তারা অর্জন করেছে, সেসব তথ্য NYC DOE-কে প্রদানের জন্য NYC DOE-এর কাছ থেকে পাওয়া ডাইরেক্টরি ইনফর্মেশন ব্যবহার করে। শিক্ষার্থীদের কলেজ প্রস্তুতি ও সাফল্য সম্পর্কে ধারণালাভে ও উন্নতিসাধনে সহায়তা করতে ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের এসব তথ্য NYC DOE ব্যবহার করে।

কীভাবে ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের ‘ডাইরেক্টরি ইনফর্মেশন’-এ প্রকাশ করা থেকে নাম প্রত্যাহার করা যায়

যদি আপনি DOE-কে নিষেধ না করেন, তবে NYC DOE, শিক্ষার্থীর যেসব ডাইরেক্টরি ইনফর্মেশন ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের কাছে প্রদান করবে, সেগুলোর মধ্যে আছে নাম, কোন্ গ্রেডে পড়ছে, এবং জন্মতারিখ। আপনি NYC DOE-কে নিম্নোক্ত উপায়ে জানাতে পারেন যেন তারা আপনার সন্তানের তথ্য ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের কাছে প্রদান না করে:

1. যদি আপনি NYC DOE এই ডাইরেক্টরি তথ্য শেয়ার করার অনুমতি দেন, তবে আপনার কিছু করতে হবে না।
2. আপনি "অপ্ট আউট" (নাম প্রত্যাহার) করতে চাইলে (অর্থাৎ আপনি ডিরেক্টরি ইনফর্মেশনে এই তথ্য প্রকাশ করতে না চাইলে), **শুক্রবার, 10 জানুয়ারি, 2020** তারিখের মধ্যে এই ফর্মটি পূরণ করুন এবং আপনার সন্তানের স্কুলের প্রিন্সিপালের কাছে জমা দিন। আপনার যদি NYC DOE পাবলিক স্কুল সিস্টেমে একাধিক সন্তান থাকে, তাহলে আপনাকে প্রত্যেক সন্তানের জন্য একটি করে ফর্ম জমা দিতে হবে।
3. 18 অথবা এরচেয়ে বেশি বয়সী শিক্ষার্থী ডাইরেক্টরি ইনফর্মেশন প্রকাশ করতে না চাইলে, তার নিজের পক্ষে নিজেকে ফর্মটি পূরণ করতে ও স্বাক্ষর করতে হবে। FERPA-এর আইনানুযায়ী, পিতামাতা বা অভিভাবকের স্বাক্ষরে কাজ করবে না।
4. আপনি এই ফর্ম জমা দিলে, যতক্ষণ পর্যন্ত না আপনি এই অপ্ট আউট বাতিল করবেন, ততক্ষণ পর্যন্ত এই ডাইরেক্টরি ইনফর্মেশন প্রকাশ করা হবে না। আপনি যদি অপ্ট আউট বাতিল করতে চান, তাহলে আপনাকে অবশ্যই সেটা জানিয়ে সন্তানের স্কুলের প্রিন্সিপালের কাছে লিখিত দিতে হবে।

এই বিজ্ঞপ্তির অনুলিপি এবং ফর্ম আপনার বা আপনার সন্তানের স্কুলে পাওয়া যাবে, এবং তা অনলাইনে পাওয়া যাবে <https://www.schools.nyc.gov/school-life/learning/college-and-career-planning/national-student-clearinghouse-notice-and-opt-out-form> -ওয়েবসাইটে। এই ফর্ম সম্পর্কে কোন প্রশ্ন থাকলে কিংবা সন্তানকে কলেজ ও ক্যারিয়ারের জন্য প্রস্তুত করায় স্কুলের প্রচেষ্টা সম্পর্কে জানতে চাইলে অনুগ্রহ করে স্কুলে যোগাযোগ করুন।

আপনি যদি ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের কাছে তথ্য প্রকাশ করা থেকে অপ্ট আউট করতে চান, **গুণু তাহলেই** অনুগ্রহ করে পূরণ ও স্বাক্ষর করবেন:

- আমি নিচে উল্লিখিত শিক্ষার্থী, এবং আমার বয়স 18 অথবা বেশি। আমি চাইনা আমার নাম, যে গ্রেডে পড়ছি, এবং জন্মতারিখ, ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের কাছে প্রকাশ করা হোক।
- আমি নিম্নোল্লিখিত শিক্ষার্থী, যার বয়স 18-এর কম, তার পিতামাতা/অভিভাবক। আমি চাইনা আমার সন্তানের নাম, যে গ্রেডে পড়ছি, এবং জন্মতারিখ, ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের কাছে প্রকাশ করা হোক।

শিক্ষার্থীর বয়স 18 বছরের কম হলে পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর

শিক্ষার্থীর স্বাক্ষর যদি তার বয়স 18 বা এর বেশি হয়

শিক্ষার্থীর নাম:	OSIS #:	গ্রেড:	জন্মতারিখ (মাস/দিন/বৎসর):
পিতামাতা/অভিভাবকের নাম:	স্কুলের নাম (এবং বরো):		